

জগন্নাথ বিশ্ববিদ্যালয় এক্স-ক্যাডেটস্ এলামনাই এসোসিয়েশন এর পুনর্মিলনী  
২০১৮ অনুষ্ঠিত



২৬ অক্টোবর-২০১৮, শুক্রবার, সকাল ১০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় এক্স-ক্যাডেটস্ এলামনাই এসোসিয়েশন এর উদ্যোগে পুনর্মিলনী ২০১৮-এর অনুষ্ঠান বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এক্স-ক্যাডেটস্ এলামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী ২০১৮-এর এক্স-ক্যাডেটস্ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক এ. বি. এম শফিকুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আরচারী ফেডারেশনের সাধারণ সম্পাদক কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল এবং বিশিষ্ট সমাজ সেবক জনাব লায়ন আব্দুস সালাম চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন কোম্পানি কমান্ডার ও অফিসার ইনচার্জ পিইউও ও মনোবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সৈয়দ মুহাম্মদ সাজ্জাদ কবীর এবং প্লাটুন কমান্ডার পিইউও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক মোঃ শফিকুল ইসলাম। পুনর্মিলনী অনুষ্ঠানে এক্স-ক্যাডেটস্ এলামনাই এসোসিয়েশনের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।